

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ

তারিখ: ০৮/০৩/ ২০২৬খ্রিঃ।

স্মারকনং- ৩২.০১.৪৮৭৯.০০০.৬০.০৬৮.১৬.৭৩-৭৭

প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের তিন মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নোক্ত দুটি ট্রেডে ২০ জন করে মোট ৪০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

ক্রঃ নং	ট্রেডের নাম	প্রশিক্ষণার্থী সংখ্যা	আবেদনপত্র গ্রহণ ও জমা প্রদানের তারিখ	সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ
০১.	ফ্যাশন ডিজাইন	২০ জন	০৮/০৩/২০২৬ হতে	৩১/০৩/২০২৬ খ্রিঃ
০২.	বিউটিফিকেশন	২০ জন	২৯/০৩/২০২৬ইং পর্যন্ত	

প্রশিক্ষণ কোর্সে ভর্তির প্রয়োজনীয় শর্তাবলীঃ-

- ১। আবেদনকারীকে অবশ্যই পাকুন্দিয়া উপজেলার বাসিন্দা হতে হবে।
- ২। তালাকপ্রাপ্ত/বিধবা/স্বামী পরিত্যক্তা, যাহার স্বামী কর্মে অক্ষম এবং এতিম অসহায় এমন মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৩। বয়সসীমা ১৮ বছর হতে ৪০ বছর হতে হবে।
- ৪। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলাপাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্র আগামী ২৯/০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।
কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর বা অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৭। আবেদনপত্রের সাথে ভোটার আইডি কার্ড অবশ্যই থাকতে হবে, জন্মনিবন্ধন গ্রহণ যোগ্য নহে।
- ৮। স্থানীয়পৌরসভা/ইউনিয়নপরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সার্টিফিকেট থাকতে হবে।
- ৯। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সত্যায়িত।
- ১০। অফিস হতে আবেদনপত্র ফরম সংগ্রহ করে নির্দিষ্ট ট্রেডে আবেদন ফরম পূরণ করে জমা দিতে হবে।
- ১১। ইতি পূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন মহিলার আবেদন গ্রহণ যোগ্য নহে।
- ১২। সাক্ষাৎকারে উপস্থিত হবার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

(স্বপন কুমার দত্ত)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। মহা-পরিচালক, মহিলাবিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্পপরিচালক, "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প"(২য় পর্যায়) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৪। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ৫। উপজেলা সমাজসেবা অফিসার/ উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৬। উপজেলা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ৭। অফিসকপি।